# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ


## প্রধান কার্যালয়

১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি, ঢাকা-১২০৭।

ফোনঃ ০২-৪১০২৩২৩৬, ০২-৪১০২৩২৩৭, ই-মেইলঃdkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org


২২/০৫/২০২৫খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার কার্যবিবরণীঃ

অদ্য ২২/০৫/২০২৫খ্রিঃ বৃহস্পতিবার বিকাল ০৫.৩০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা খামারবাড়ি, ফার্মগেট, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ জিয়াউল হায়দার পলাশ, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। সভা পরিচালনা করেন জনাব এইচ এম আমজাদ হোসেন, যুগ্ম মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব মোঃ আবু কাউছার ভূইয়া, সমাজ কল্যাণ বিষয়ক সম্পাদক, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

গত সভার পর হতে যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যুবরণ করেছেন তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে এবং যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে মোনাজাত পরিচালনা করেন জনাব মোঃ মনিরুল হক মীর, সিনিয়র সহ সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ।

সভায় স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি জনাব মোঃ জিয়াউল হায়দার পলাশ। তিনি ডিপ্লোমা কৃষিবিদ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের নিয়োগবিধি পরিবর্তন, ৩ বছর এবং ৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা সংক্রান্ত সৃষ্ট জটিলতা নিরসন, রিভিজিট রিভিউ, সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (এএইও/সমমান) পদে পদায়ন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (এইও) পদে পদোন্নতি, উচ্চতর বেতন গ্রেড প্রাপ্তি এবং উপসহকারী কৃষি কর্মকর্তা শূন্য পদে নিয়োগ ইত্যাদি বিষয় সহ সভার আলোচ্য সূচীর উপর বিস্তারিত আলোচনা করেন। অতঃপর তিনি যুগ্ম মহাসচিব মহোদয়কে কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন।

তিনি গত সভার পর হতে অদ্যাবধি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর আলোচনা করেন। অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর সিদ্ধান্ত মূলক আলোচনায় অংশ গ্রহনের জন্য কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল নেতৃবৃন্দকে অনুরোধ করেন।

অতঃপর গত ২৫/০১/২০২৫খ্রিঃ তারিখের কেন্দ্রীয় নির্বাহী কমিটির কার্যবিবরণী অত্র সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হলোঃ-

আলোচ্যসূচী-০১ঃ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের বেতন গ্রেড উন্নীতকরণকালে ৩ বছর এবং ৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা সংক্রান্ত সৃষ্ট জটিলতা সমাধান প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০১ঃ গত ২৭/০৪/২০২৫খ্রিঃ কৃষি মন্ত্রণালয় স্মারক নং-৩২৮ এবং চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়ের স্মারক নং-৩/৩৭ পত্র মূলে উপজেলা/জেলা পর্যায়ে একাউন্টস অফিস গ্রহণ না করায় মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়ের পরামর্শ অনুযায়ী সিএও কৃষি দেশে প্রত্যাবর্তনের সাপেক্ষে ডিপ্লোমা কৃষিবিদ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ যারা গ্রেড-১১ থেকে গ্রেড-১০ উন্নীত হয়েছেন তাদেরকে উচ্চ ধাপে বেতন নির্ধারণ পদ্ধতি সম্পন্ন করনের সুব্যবস্থা করার জন্য মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়কে দ্রুততার সাথে নিস্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০২ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের উচ্চতর গ্রেড প্রদান প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০২ঃ কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/বিভাগ/সংস্থায় (গবেষণা সহ) কর্মরত কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের (২০০৯ সন হতে পরবর্তী নিয়োগকৃত) জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭(১) ও ৭(২) অনুযায়ী চাকুরীতে যোগদানের তারিখ হইতে একই পদে চাকুরী কাল ১০(দশ) বছর পূর্তিতে ১(এক)টি এবং পরবর্তীতে ৬(বছর) পূর্তিতে আরও ১(এক)টি উচ্চতর গ্রেড প্রাপ্তির পত্র জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অর্থ মন্ত্রণালয় বরাবর জোর দাবী জানানো হলো।

আলোচ্যসূচী-০৩ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান নিয়োগবিধি সংশোধন/পরিবর্তন প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৩ঃ (ক) উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান (গ্রেড-১০) এবং সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান (গ্রেড-১০) পদধারীদের গ্রেড উন্নীত করনের আদেশে জরুরী নিয়োগবিধি সংশোধনের নির্দেশনা থাকার পরও অদ্যাবধি নিয়োগবিধি সংশোধনের কোন কার্যক্রম গ্রহণ হয়নি। জরুরী ভিত্তিতে নিয়োগবিধি সংশোধন/পরিবর্তনের কার্যক্রম গ্রহণ করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়কে অনুরোধ করা হলো।

(খ) কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন সংস্থা/গবেষণা দপ্তর (বারি, ব্রি, বিনা, সিডিবি, বিজেআরআই, এআইএস ইত্যাদি) সমূহে কৃষি ডিপ্লোমাধারীদের পদগুলো প্রয়োজন অনুযায়ী নিয়োগবিধি পরিবর্তনের ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সংস্থা/গবেষণা দপ্তরের প্রধানগণকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০৪ঃ **Revisit** পরিমার্জন/সংশোধনসহ বিলুপ্ত ডিপ্লোমা কৃষিবিদ কর্মকর্তাদের পদবী পুনঃস্থাপন বা সংযোজন প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৪ঃ (ক) কৃষকের সেবা নিশ্চিত এবং সরকারের কার্যক্রম সঠিক ও সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে **Revisit** রিভিউতে পরিমার্জন/সংশোধন এবং পদ সৃষ্টির মাধ্যমে কর্মরত ডিপ্লোমা কৃষিবিদ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের পদ গুলো পুনঃস্থাপন বা সংযোজন করা অথবা বর্তমান পদগুলোকে প্রয়োজনীয় ক্ষেত্রে পুনবিন্যাসের ব্যবস্থা গ্রহনের জন্য মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয় ও মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়কে অনুরোধ করা হলো।

(খ) ইতোপূর্বে বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয় (পি.এস.সি) থেকে উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ এবং আবেদন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পরও অদ্যাবধি নিয়োগ কার্যক্রম পরিচালিত না হওয়ায় চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা মহোদয়কে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করার জন্য জোর অনুরোধ জানানো হলো।

আলোচ্যসূচী-০৫ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণকে নিজ জেলার বাইরে বদলী/পদায়ন না করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৫ঃ স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্মারক নং-১০৪৫ তারিখঃ ০১ সেপ্টেম্বর ২০১৫ পত্র মূলে সিদ্ধান্ত-খ এর আলোকে ডিপ্লোমা কৃষিবিদদের পরিচিত পরিবেশে চাকুরি করার বিধান রয়েছে বিধায় কৃষি ও কৃষকের স্বার্থে মাঠে ময়দানে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণকে নিজ জেলার বাইরে বদলী/পদায়ন না করার জন্য এবং বর্তমানে যে সকল উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদধারীগণ জেলার বাহিরে পদায়িত আছেন তাদেরকে অনতিবিলম্বে কৃষক ও কৃষকের স্বার্থে নিজ জেলায় পদায়নের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো। উল্লেখ্য থাকে যে, গত ফ্যাসিস্ট সরকারের আমলে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের স্মারক নং-১৮২১(২১) ও ১৮২২(৫৫৩) তারিখঃ ১৬/০৬/২০২২ পত্রটি কৃষি ও কৃষকের উন্নয়ন ও সেবা প্রাপ্তির অন্তরায় এবং ডিপ্লোমা কৃষিবিদদের প্রতি বৈষম্য ও অসম্মান জনক পত্র বিধায় ইহা দ্রুত বাতিলের জন্য মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়ের প্রতি জোর দাবী জানানো হলো।

আলোচ্যসূচী-০৬ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান এবং সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের পদায়ন/পদোন্নতি প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৬ঃ (ক) সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদ খালি থাকায় কৃষি ও কৃষকের সেবার কার্যক্রম স্বাভাবিক রাখার লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ হতে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান শূন্য পদে পদায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

(খ) সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদ (গ্রেড-১০) থেকে কৃষি সম্প্রসারণ কর্মকর্তা (গ্রেড-০৯) পদে পদোন্নতি কার্যক্রম ত্বরান্বিত করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং সচিব, কৃষি মন্ত্রণালয় মহোদয়কে বি.সি. এস (কৃষি) ক্যাডারের বিদ্যমান নিয়োগবিধির আলোকে ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০৭ঃ বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে পদোন্নতি কোটা ২০% হতে ৩৩.৩৪% বৃদ্ধি করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৭ঃ কৃষি মন্ত্রণালয়, সম্প্রসারণ-১ শাখার স্মারক নং-১২.০৫২.০৩৫.০০.০০.০১০.২০১০-১০৪ তারিখঃ ০৭/০২/২০১১খ্রিঃ (১। কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং-১৩১২ তারিখঃ ১০/০৬/২০০৮, ২। স্মারক নং-১৩১৫ তারিখঃ ১৩১৫, ৩। স্মারক নং-১৪৮ তারিখঃ ১৬/০২/২০০৯) বি.সি.এস (কৃষি) ক্যাডারের প্রারম্ভিক পদে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমান পদ থেকে ক্যাডার পদে পদোন্নতির কোটা ২০% হতে ৩৩.৩৪% বৃদ্ধির বাস্তবায়নের তাগিদ থাকা সত্ত্বেও অদ্যাবধি বাস্তবায়ন না হওয়ায় জরুরী ভিত্তিতে বিষয়টি বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-০৮ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের গ্রেডেশন তালিকা হালনাগাদ করণ প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৮ঃ উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের গ্রেডেশন তালিকা হালনাগাদ করণ সংক্রান্ত পত্র কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং-১২.০১.০০০০.৩৮.৯৯.৩২.২৪/২৬৩৯ তারিখঃ ০৪/০৯/২০২৪খ্রিঃ জারী করা হয়েছে। উক্ত পত্রের আলোকে হালনাগাদ করণ কার্যক্রম চলছে। এ বিষয়ে সংগঠনের সকল স্তরে নেতৃবৃন্দকে সহযোগিতা করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। অতিদ্রুত সময়ের মধ্যে উপসহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের তথ্য সংগ্রহ পূর্বক গ্রেডেশন তালিকা হালনাগাদ করে তালিকা প্রকাশ করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জোর দাবী জানানো হলো।

আলোচ্যসূচী-০৯ঃ বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) সমূহকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-০৯ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাঠামোগত/অর্গানোগ্রাম পদ্ধতিগত কারণে কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট (এটিআই) এ চলমান কৃষি ডিপ্লোমা শিক্ষা কার্যক্রম যুগোপযোগী ও মানসম্মত করা অদ্যাবধি সম্ভব হয়নি এবং ভবিষ্যতে হবে না

বলে আজকের সভায় সকলেই একমত পোষন করেন। চলমান কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর নাম পরিবর্তন করে যুগোপযোগী নাম প্রবর্তনের ব্যবস্থা করণ। অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পলিটেকনিক ইনস্টিটিউটের ন্যায় ছাত্র বৃত্তি এবং অন্যান্য সুযোগ সুবিধা না থাকার কারণে মেধাবী ছাত্র/ছাত্রীগণ কৃষি ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে আগ্রহী হচ্ছে না। বিষয়টির প্রতি সুবিবেচনা করতঃ ছাত্র/ছাত্রীদের যুগোপযোগী কারিগরী জ্ঞান বৃদ্ধিসহ সরকারী সকল সুযোগ সুবিধা প্রদানের লক্ষ্যে কৃষি ডিপ্লোমা প্রশিক্ষণ ইনস্টিটিউট গুলো কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় কৃষি উপদেষ্টা ও মাননীয় শিক্ষা উপদেষ্টা মহোদয়ের হস্তক্ষেপ কামনা করছি।

আলোচ্যসূচী-১০ঃ কৃষি ডিপ্লোমাধারীদের উচ্চ শিক্ষার জন্য স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় স্থাপন করা প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১০ঃ কৃষি ডিপ্লোমা সনদ অর্জনকারী ছাত্র/ছাত্রীদের মান সম্মত শিক্ষা ও উচ্চতর ডিগ্রী অর্জনের লক্ষ্যে ডিপ্লোমা ইঞ্জিনিয়ারদের ন্যায় কৃষি ডিপ্লোমাধারীদের উচ্চ শিক্ষার জন্য স্বতন্ত্র বিশ্ববিদ্যালয় স্থাপন করার জন্য সরকারের প্রতি জোর অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী-১১ঃ সংগঠনের অর্থনৈতিক প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১১ঃ (ক) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সদস্যদের বাৎসরিক চাঁদা, কল্যাণ তহবিলের চাঁদা, অনুদান সহ সকল চাঁদা তালিকা সহ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। ২০১৯ হইতে ২০২৪ সাল পর্যন্ত যে সকল সদস্য চাঁদা প্রদান করেছেন এবং করেন নাই তার তালিকা কেন্দ্রীয় কার্যালয়ে প্রেরনের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

(খ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর অর্থ সম্পাদক জনাব মোঃ আবুবকর সিদ্দিক গত ২৫/০১/২০২৫খ্রিঃ তারিখ থেকে ৩১/০৩/২০২৫খ্রিঃ তারিখ পর্যন্ত ভাউচার নং-১৩ থেকে ভাউচার নং-৮১ পর্যন্ত মোট ৬৯টি ভাউচারে মোট খরচ ২২৪২৯৫/- টাকার হিসাব অত্র সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

(গ) ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর বিভিন্ন জেলার হিসাব বিবরণী (চাঁদা আদায় এবং হিসাব) সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য প্রতিটি জেলার সাথে যোগাযোগের মাধ্যমে সমাধান করার জন্য নিম্নরূপ ০৩(তিন) জন্য নেতৃবৃন্দকে যৌথদায়িত্ব প্রদান করা হলোঃ

| | |
|---|---|
| ১। মোঃ আবুবকর সিদ্দিক | অর্থ সম্পাদক |
| ২। মোঃ সেলিম আলাউদ্দিন | দপ্তর সম্পাদক |
| ৩। আকলিমা আক্তার | মহিলা সম্পাদক |

আলোচ্যসূচী-১২ঃ সাম্প্রতিক কৃষি ডিপ্লোমা ছাত্র আন্দোলন প্রসঙ্গে।

সিদ্ধান্ত-১২ঃ সাম্প্রতিক সময়ে কৃষি ডিপ্লোমা ছাত্ররা তাদের সমসাময়িক সমস্যা নিয়ে নিজেরাই আন্দোলন সংঘটিত করেন। ইহাতে বর্তমান ও পূর্বে ডিকেআইবি কোনক্রমেই জড়িত ছিল না। কিন্তু অহেতুক সন্দেহের মাধ্যমে প্রশাসনের কতিপয় কর্মকর্তা ডিকেআইবিকে এবং ডিকেআইবির নেতৃবৃন্দকে নিয়ন্ত্রণকারী হিসেবে দোষারোপ করা হয়েছে। আজকের এই সভা বিস্তারিত আলোচনায় কৃষি ডিপ্লোমায় অধ্যয়নরত ছাত্র/ছাত্রীগণ, কৃষি ডিপ্লোমা শিক্ষা বিষয়ক সমস্যা সহ ন্যায়সঙ্গত অধিকার রক্ষায় এখন থেকে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, সার্বিক সহযোগিতা করা উচিৎ বলে একমত পোষন করে। আগামী কাল জাতীয় পরিষদে বিস্তারিত আলোচনা করা হবে।

আলোচ্যসূচী-১৩ঃ বিবিধ

সিদ্ধান্ত-১৩ঃ (ক) গত ০৮/০২/২০২৫খ্রিঃ তারিখে ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, জাতীয় কমিটির সভায় গঠিত গঠনতন্ত্র সংশোধন বিষয়ক সাব-কমিটিকে আগামী কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভার পূর্বে গঠনতন্ত্র সংশোধন, পরিবর্তন, পরিবর্ধন করে সভাপতি, কেন্দ্রীয় নির্বাহী কমিটির নিকট উপস্থাপন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো। সাধারন সদস্যগণ থেকে ছক অনুযায়ী গঠনতন্ত্রের সংশোধনী প্রস্তাব গ্রহনের জন্য ছক পত্র ও নির্দেশনা সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক, হোয়াটসঅ্যাপ গ্রুপ) প্রেরণ করা হয়।

(খ) উপসহকারী কৃষি কর্মকর্তাসহ উপজেলা পর্যায়ে সকল কর্মকর্তা কৃষকের পাশে থেকে কৃষি সেবা প্রদান সহ সরকারের গৃহিত কার্যক্রম গুলো বাস্তবায়ন করে থাকেন। এ কার্যক্রম কৃষকের স্বার্থে আরও দ্রুত করার লক্ষ্যে উপসহকারী কৃষি কর্মকর্তা সহ উপজেলায় কর্মরত অন্যান্য কর্মকর্তাদের যুগোপযোগী অনুযায়ী যানবাহন/মোটরসাইকেল অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। অতএব দেশে কৃষি ও কৃষকের স্বার্থ বিবেচনা করে অনতিবিলম্বে উক্ত কর্মকর্তাগণকে মোটরসাইকেল সরবরাহের জন্য উক্ত সভায় জোর দাবী জানানো হলো।

(গ) দেশের কৃষি উন্নয়নের ধারা অব্যাহত রাখা, খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সরকার বিভিন্ন মৌসুমে কৃষকগণকে বিভিন্ন ফসলের সার, বীজ, কীটনাশক ও অন্যান্য উপকরণ প্রণোদনা এবং বিভিন্ন প্রকল্পের মাধ্যমে কর্মসূচি গ্রহণ করে থাকে। সেই সব প্রণোদনা সমগ্রী এবং কর্মসূচী গুলো স্থানীয় চাহিদা মোতাবেক সঠিক সময়, সঠিক পরিমানে কৃষকের কাছে/দোড়গোড়ায় পৌঁছানোর জন্য আজকের এই সভায় জোর দাবী জানানো হলো।

(ঘ) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ব্যতিত কৃষি মন্ত্রণালয় আওতায় আরও কিছু প্রতিষ্ঠান (ব্রি, বারি, বিনা, বিজেআরআই, তুলা উন্নয়ন বোর্ড, কৃষি তথ্য সার্ভিস, ইক্ষু গবেষণা, বরেন্দ্র বহুমুখী, বিএডিসি সহ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান) রয়েছে। তাহাতে ডিপ্লোমা কৃষিবিদগণ তাদের পেশাগত কর্মপরিধি অনুযায়ী চাকুরী করে থাকেন। তাদের কর্মক্ষেত্র ও পেশাগত সমস্যা বিষয়ে সমাধানের লক্ষ্যে ডিকেআইবি কার্যক্রম করে থাকেন। তাই আগামীতে মাননীয় কৃষি সচিব মহোদয়, উপসহকারী কৃষি কর্মকর্তাদের মতো তাদের বিষয়ও সমাধানের জন্য অনুরোধ জানানো হলো।

পরিশেষে সভার সভাপতি মহোদয় উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করেন। পাশাপাশি কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান। অতঃপর উপস্থিত সকল নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-মোঃ জিয়াউল হায়দার পলাশ
সভাপতি
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ
০১৭১১-৮৩৪৮৫৫

স্মারক নং-ডিকেআইবি-৭৩(১৫০) তারিখঃ ২২/০৫/২০২৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মাননীয় প্রধান উপদেষ্টা,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় অর্থ উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় কৃষি উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৫. সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল, ঢাকা/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী।
০৭. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
০৮. মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, গাজীপুর।
০৯. মহাপরিচালক, বি.এ.আর.আই/বি.আর.আর.আই/বি.জে.আর.আই/বিনা/বি.এস.আর.আই, ......................।
১০. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১১. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
১২. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
১৩. পরিচালক, ...........................................................................।
১৪. অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................... অঞ্চল।
১৫. অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট(এটিআই), ....................................।
১৬. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................. জেলা।
১৭. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল নেতৃবৃন্দ।
১৮. সভাপতি/মহাসচিব, ডিপ্লোমা এগ্রিকালচারিষ্ট এসোসিয়েশন অব বাংলাদেশ (ডি-এ্যাব), কেন্দ্রীয় নির্বাহী কমিটি।
১৯. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ...........অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
২০. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ........... উপজেলা শাখা, .................. জেলা।
২১. জনাব.........................................................................।

২২/০৫/২০২৫ইং
(এইচ এম আমজাদ হোসেন)
যুগ্ম মহাসচিব
ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন,বাংলাদেশ।
০১৫৫২-৭০৩৭০৩